



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী-জেএসসি/২০১৭/২১৬৩(৩৬০০)

তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিঃ

২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীন ২০১৭ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় ও পরীক্ষা শুরুর সময় সকাল ১০টা	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও পরীক্ষা শুরুর সময় বিকাল ০২টা	বিষয় কোড
১। বাংলা (আবশ্যিক) - ১ম পত্র	১০১	০১/১১/২০১৭ বুধবার	X	X
১। বাংলা (আবশ্যিক) - ২য় পত্র	১০২	০২/১১/২০১৭ বৃহস্পতিবার	X	X
১। ইংরেজি (আবশ্যিক) - ১ম পত্র	১০৭	০৫/১১/২০১৭ রবিবার	X	X
১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র	১০৮	০৬/১১/২০১৭ সোমবার	X	X
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	০৭/১১/২০১৭ মঙ্গলবার	X	X
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	০৮/১১/২০১৭ বুধবার	X	X
১। বিজ্ঞান	১২৭	০৯/১১/২০১৭ বৃহস্পতিবার	X	X
১। কর্ম ও জীবনমুখী শিক্ষা	১৫৫	১১/১১/২০১৭ শনিবার	(শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	
১। গণিত/সাধারণ গণিত	১০৯	১২/১১/২০১৭ রবিবার	X	X
১। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য	১৪৭	১৩/১১/২০১৭ সোমবার	(শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	
১। কৃষি শিক্ষা ২। গার্হস্থ্য বিজ্ঞান ৩। আরবি ৪। সংস্কৃত ৫। পালি	১৩৪ ১৫১ ১২১ ১২৩ ১২৪	১৪/১১/২০১৭ মঙ্গলবার	X	X
১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫০	১৬/১১/২০১৭ বৃহস্পতিবার	X	X
১। চারু ও কারুকলা	১৪৮	১৮/১১/২০১৭ শনিবার	(শুধুমাত্র অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	

বিশেষ নির্দেশাবলী

- প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- সৃজনশীল ও বহুনির্বাচনী পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে বহুনির্বাচনী (MCQ) অংশে ৩০ নম্বর এবং সৃজনশীল (CQ) অংশে ৭০ নম্বরের এবং অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে বহুনির্বাচনী (MCQ) অংশে ৪০ নম্বর এবং সৃজনশীল (CQ) অংশে ৬০ নম্বরের প্রনীত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে।
- নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), চারু ও কারুকলা (১৪৮) এবং কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোল নম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষা চলাকালীন শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Online-এর মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।
- পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই জিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।


মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী-জেএসসি/২০১৭/২১৬৩(৩৬০০)

তারিখ : ১১/০৯/২০১৭ খ্রিঃ

অনুলিপি : অবগতি ও জ্ঞাতার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- জেলা প্রশাসক - দিনাজপুর, রংপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা।
- অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
- উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র। (তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিজ্ঞপ্তি অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।)
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- Website Copy।
- সংরক্ষণ নথি।


মোঃ রাকিবুল ইসলাম

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

ফোনঃ ০৫৩১-৫১৯৭২ (অফিস)